



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



বিদেশি কারিকুলামে পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন সনদ

স্মারক নং- ১৮৮/নতুন/ইংলিশ/৬৭৯

তারিখ: ২৮/০৬/২২

প্রত্যয়ন করা যাচ্ছে, **Empyrean International School**, বাড়ী# ১৮, রোড# ০২, ব্লক# বি, ঢাকা-১২১৬ কে Registration of Private Schools Ordinance, 1962 (Ordinance No. XX of 1962) প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও. নং- ১৭৩-আইন/২০১৭) এর অধীনে সাময়িক নিবন্ধনের উপযুক্ত বিবেচিত হওয়ায় উক্ত বিধিমালার বিধি ৩ এর উপ-বিধি (৩) বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়টিকে এতদ্বারা মাধ্যমিক পর্যায়ে ('O' Level) সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে

## শর্তসমূহ

- ১। উক্ত সাময়িক নিবন্ধনের মেয়াদ হবে স্মারক ইস্যুর তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছর।
- ২। আগামী ০১ (এক) বছরের মধ্যে প্রাইমারী অধিদপ্তর থেকে প্রাইমারী পর্যায়ে অনুমোদন নিতে হবে অন্যথায় সাময়িক নিবন্ধন বাতিল করা হবে।
- ৩। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিবন্ধন বিধিমালা ২০১৭ এর ৭ উপবিধি মোতাবেক কমিটি গঠন করে বোর্ড হতে অনুমোদন নিতে হবে।
- ৪। বিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ উপবিধি অনুসরণ করতে হবে।
- ৫। বিধিমালার ৬(৪) উপবিধি মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ৬। বিধিমালার ২০(৩) উপবিধি অনুযায়ী অডিট টিম কর্তৃক বার্ষিক অডিট করাতে হবে।
- ৭। বিধিমালার ১৯ উপবিধি অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে।
- ৮। উক্ত বিধিমালার ১৪ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উক্ত ধারার ৪ উপবিধি মোতাবেক নিবন্ধনের ৫ (পাঁচ) বছরের মধ্যে নিজস্ব ভবনে বিদ্যালয় স্থানান্তর করতে হবে।
- ৯। উল্লিখিত বিধিমালার ১০-এর ২ ও ৫ উপবিধি মোতাবেক বিদ্যালয়ের সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে নির্ধারিত টাকা জমা রাখতে হবে। সংরক্ষিত তহবিলের টাকা স্থায়ী আমানত/সঞ্চয়পত্র হিসাবে জমা করতে হবে। রেজিস্ট্রেশন কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত সংরক্ষিত তহবিলের টাকা ভাঙ্গানো বা উত্তোলন করা যাবে না।
- ১০। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে।
- ১১। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, বাংলাদেশ কর্তৃক প্রণীত ও প্রকাশিত 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' পাঠ্যপুস্তকটি অবশ্যই প্রতিশ্রেণিতে পাঠদান করাতে হবে।
- ১২। বোর্ড প্রয়োজনে ২০১৭ সালের ৫ই জুন তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধি-এর অধীন রেজিস্ট্রেশন সার্টিফিকেট স্থগিত করতে পারবে।
- ১৩। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যান্য ৬০ (ষাট) দিন পূর্বে নির্ধারিত ফি জমাদানপূর্বক নিবন্ধনের জন্য আবেদন করতে হবে।
- ১৪। ফলাফল মানসম্মত হতে হবে এবং ব্রাঞ্চ স্কুল থাকলে অবশ্যই শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি নিতে হবে।
- ১৫। শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষের অনাপত্তি থাকতে হবে।
- ১৬। সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশাবলি/জাতীয় দিবসসমূহ পালন করতে হবে।
- ১৭। বিদ্যালয়ের একটি দৃশ্যমান স্থানে মুজিব কর্ণার স্থাপন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১০০৬৯

ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক: অধ্যক্ষ

Empyrean International School

বাড়ী# ১৮, রোড# ০২, ব্লক# বি

মিরপুর, ঢাকা-১২১৬।

মেমো নং- ৬৭৯(৬)

তারিখ: ২৮/০৬/২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। পরিচালক/প্রতিষ্ঠাতা, Empyrean International School, বাড়ী# ১৮, রোড# ০২, ব্লক# বি, মিরপুর, ঢাকা-১২১৬।
- ৫। পিএস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

২৮/০৬/২০২২